D:\New folder (3)\Admin-2\Co-ordination meeting\Letter. Nikosh.doc

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-২ অধিশাখা
www.emrd.gov.bd

নং-২৮.০০.০০০০.০১২.০৬.০০১.১৭. ২৩৮

তারিখ : ২৪ বৈশাখ ১৪২৫ / ০৭ মে ২০১৮

বিষয়: মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রেরণ।

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগে গত ২৬-০৪-২০১৮ তারিখে অনুষ্ঠিত এপ্রিল/২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সঙ্গে প্রেরণ করা হলো।

৭।৫।১৮

(মোঃ আঃ খালেক মল্লিক)
উপসচিব
ফোন নং: ৯৫৫৮৫৮৯

সংযুক্তি: বর্ণনামতে।

বিতরণ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। চেয়ারম্যান, বিপিসি, চট্টগ্রাম।
২। চেয়ারম্যান, পেট্রোবাংলা, ঢাকা।
৩। অতিরিক্ত সচিব (উন্ন:)/(প্রশা:)/(অপা:)/(পরি:)/(ব্লু ইকনোমি সেল), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৪। মহাপরিচালক, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই), ঢাকা।
৫। যুগ্ম-সচিব (অপারেশন)/(উন্নয়ন)/(প্রশাসন)/(প্রশাসন-৩), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৬। মহাপরিচালক, হাইড্রোকার্বন ইউনিট, ঢাকা।
৭। মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি), ঢাকা।
৮। সচিব, বিইআরসি, কাওরান বাজার, ঢাকা।
৯। পরিচালক, খনিজ সম্পদ উন্নয়ন ব্যুরো (বিএমডি), ঢাকা।
১০। সকল কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, ঢাকা।
১১। প্রধান বিস্ফোরক পরিদর্শক, বিস্ফোরক পরিদপ্তর, ঢাকা।
১২। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, সেগুনবাগিচা, ঢাকা।
১৩। ব্যবস্থাপনা পরিচালক, টিজিটিডিসিএল/বিজিডিসিএল/জেজিটিডিএসএল/পিজিসিএল/কেজিডিসিএল/ বিজিএফসিএল/এসজিএফএল/জিটিসিএল/বাপেক্স/আরপিজিসিএল/বিসিএমসিএল/এমজিএমসিএল/ এসজিসিএল/পদ্মা অয়েল কোং লি:/মেঘনা পেট্রোলিয়াম লি:/যমুনা অয়েল কোং লি:/ইআরএল/এলপিজি, ঢাকা।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১। প্রধানমন্ত্রীর বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ বিষয়ক মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, ঢাকা।
২। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়।
৩। সচিবের একান্ত সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।
৪। আইসিটি কর্মকর্তা, আইসিটি সেল, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
প্রশাসন-২ অধিশাখা
www.emrd.gov.bd

জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এর এপ্রিল/২০১৮ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী

সভাপতি	:	**নাজিমউদ্দিন চৌধুরী** **সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**
তারিখ	:	**২৬-০৪-২০১৮**
সময়	:	**সকাল ১১.০০ ঘটিকা**
স্থান	:	**বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ**
উপস্থিত সদস্য	:	**পরিশিষ্ট-ক**

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভাপতির অনুমতিক্রমে সভার শুরুতে কার্যপত্র অনুসারে এপ্রিল/২০১৮ মাসের তথ্য নিয়ে উপসচিব (প্রশাসন-২) আলোচ্যসূচি অনুযায়ী পাওয়ার পয়েন্ট প্রেজেন্ট করেন। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিত আলোচনা ও সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

১। গত ২৮-০৩-২০১৮ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর অনুচ্ছেদ-৩.১ এর সিদ্ধান্ত (চ) অংশের "নির্ধারণের নিমিত্ত" শব্দটি বাদ দিয়ে এবং ৬.১ (গ) এবং ৯.১ (ঙ) এর আলোচনা ও সিদ্ধান্তে যথাক্রমে "প্রদানের" ও "করিডোরের" বানান দু'টি শুদ্ধকরণপূর্বক কার্যবিরণী নিশ্চিত করা হয়।

২। গত ২৮-০৩-২০১৮ তারিখে অনুষ্ঠিত মাসিক সমন্বয় সভায় গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয়-যা নিম্নরূপ:

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
২.১	**অনিষ্পন্ন বিষয়:** জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নিকট দপ্তর/সংস্থা ও দপ্তর/সংস্থার নিকট এ বিভাগের শাখা/অধিশাখা পর্যায়ে অনিষ্পন্ন বিষয় নিয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। সভায় Recycle Lube Base Oil আমদানি নিষিদ্ধ করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে গঠিত কমিটির সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	(ক) সকল দপ্তর/সংস্থার নিকট এ বিভাগের অনিষ্পন্ন বিষয়ের সঠিক এবং বস্তুনিষ্ঠ প্রতিবেদন ছক মোতাবেক (চলমান, কত দিন ধরে অনিষ্পন্ন, কোন দপ্তরে অনিষ্পন্ন উল্লেখসহ) প্রেরণ করতে হবে; প্রেরিত ছকে সংক্ষিপ্ত আকারে সুনির্দিষ্ট বক্তব্য থাকতে হবে;	**এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি।**
		(খ) সকল দপ্তর/সংস্থা হতে প্রেরিত পত্রাদি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের শাখা/অধিশাখায় ০৩ (তিন) দিনের উর্ধ্বে অনিষ্পন্ন থাকলে তা কি পরিমাণে আছে, কোন পর্যায়ে অনিষ্পন্ন আছে, তার সঠিক এবং বস্তুনিষ্ঠ প্রতিবেদন সংশ্লিষ্ট উইং প্রধান কর্তৃক প্রত্যয়নপূর্বক প্রত্যেক মাসের সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে;	**এ বিভাগের সংশ্লিষ্ট সকল উইং/শাখা/ অধিশাখা।**
		(গ) Recycle Lube Base Oil আমদানি নিষিদ্ধ করার বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের লক্ষ্যে গঠিত কমিটির সুপারিশ অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;	**এ বিভাগের অধীন সংশ্লিষ্ট সংস্থা/কোম্পানি।**
২.১	সকল দপ্তর/সংস্থার ভূমি উন্নয়ন করসহ সকল সেবা প্রদানকারী সংস্থার বিল পরিশোধের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। আলোচনাকালে সভায় জানানো হয় যে, বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/ কোম্পানির নিকট গ্যাস বিল বাবদ যে পাওনা রয়েছে তা দ্রুত আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এছাড়া, এ বিভাগের অধীন দপ্তর/সংস্থা/ কোম্পানিসমূহের নিকট অন্যান্য সেবা প্রদানকারী প্রতিষ্ঠানের বকেয়া বিল পরিশোধের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	(ঘ) সকল দপ্তর/সংস্থার ভূমি উন্নয়ন করসহ সকল সেবা প্রদানকারী সংস্থার বিল পরিশোধের দ্রুত ব্যবস্থা গ্রহণ করে এ বিষয়ে বিস্তারিত উল্লেখপূর্বক নির্ধারিত ছকে তথ্য প্রেরণ করতে হবে;	**এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি।**
		(ঙ) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা/ কোম্পানির নিকট গ্যাস বিল বাবদ যে পাওনা রয়েছে তা দ্রুত আদায়ের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;	**এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি।**
২.১	এছাড়া, জাতীয় সংসদ সচিবালয়, প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়ে বিভিন্ন পাক্ষিক প্রতিবেদন প্রেরণ এবং সংসদীয় স্থায়ী কমিটি'র বিভিন্ন সভার কার্যপত্র প্রেরণের বিষয়েও আলোচনা করা হয়।	(চ) সংসদীয় কমিটি, প্রধানমন্ত্রীর কার্যালয়, মন্ত্রিপরিষদ বিভাগ, জনপ্রশাসন মন্ত্রণালয়সহ যে সব অফিসে কার্যপত্র, প্রতিবেদন, তথ্য প্রদান করতে হয়, তা সঠিকভাবে ও যথাসময়ে প্রেরণ করতে হবে;	**এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি।**

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		(ছ) প্রধানমন্ত্রীর কার্যালয়, জাতীয় সংসদ সচিবালয়, মন্ত্রিপরিষদ বিভাগ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণের লক্ষ্যে সকল দপ্তর/সংস্থার প্রধানগণ কর্তৃক তাদের মাসিক/ত্রৈমাসিক/ ষাম্মাসিক/বার্ষিক প্রতিবেদনে তথ্যের সঠিকতা যাচাইপূর্বক নির্ভুল/হালনাগাদ তথ্য নির্ধারিত সময়ের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করবেন;	এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি।
২.১	সভায় এ বিভাগের প্রতিটি অনুবিভাগ এর যুগ্ম-সচিবগণ কর্তৃক নিয়মিতভাবে শাখাভিত্তিক প্রস্তুতকৃত অনিষ্পন্ন তালিকা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ এবং অতিরিক্ত সচিবগণ কর্তৃক বিষয়টি তদারকি করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।	(জ) প্রতিটি অনুবিভাগের যুগ্ম-সচিবগণ নিয়মিতভাবে শাখাভিত্তিক প্রস্তুতকৃত অনিষ্পন্ন তালিকা পর্যালোচনাপূর্বক নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবেন; এবং অতিরিক্ত সচিবগণ এ বিষয়টি তদারকি করবেন;	এ বিভাগের সংশ্লিষ্ট সকল উইং/শাখা/ অধিশাখা।
		(ঝ) সমন্বয় সভা সুষ্ঠুভাবে অনুষ্ঠানের লক্ষ্যে চাহিত তথ্যাদি নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ নিশ্চিত করতে হবে।	
৩.১	**অডিট আপত্তি:** পেট্রোবাংলা ও এর অধীনস্থ কোম্পানিসমূহের মার্চ/২০১৮ মাসের মোট অডিট আপত্তির সংখ্যা ৩৬৬৩টি। আপত্তিকৃত অর্থের পরিমাণ ৭৫৯৭৮০৯.৬৯ লক্ষ টাকা। চলতি মাসে আপত্তি নিষ্পত্তির সংখ্যা ৪৬টি। চলতি মাসে নিষ্পত্তিকৃত আপত্তির জড়িত অর্থের পরিমাণ ১০৩৯.৯৯ লক্ষ টাকা।	(ক) সকল দপ্তর/সংস্থা প্রধানগণ অডিট আপত্তিসমূহ বিষয়ভিত্তিক দ্রুত নিষ্পত্তির পদক্ষেপ গ্রহণ করবেন এবং প্রতিমাসে নির্ধারিত ছকে তথ্য প্রেরণ নিশ্চিত করবেন;	এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি।
		(খ) অডিট আপত্তি দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে দপ্তর/সংস্থাসমূহ কর্তৃক প্রতিমাসে কমপক্ষে দু'টি করে দ্বি-পক্ষীয় এবং ত্রি-পক্ষীয় সভার আয়োজন করতে হবে;	এ বিভাগ ও এর অধীন সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি।
৩.১	এছাড়া, ০১-০১-২০১৮ হতে ২৯-০৩-২০১৮ পর্যন্ত ক্রমপুঞ্জিভুত নিষ্পত্তিকৃত অডিট আপত্তির সংখ্যা ২০২টি। অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে ৩৪৬১টি। আপত্তিকৃত অর্থের পরিমাণ ১১৩২.৬৪ লক্ষ টাকা। মার্চ/২০১৮ মাসে দ্বি-পক্ষীয় সভা হয়েছে ০১টি এবং ত্রি-পক্ষীয় কোন সভা হয়নি।	(গ) জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সংশ্লিষ্ট শাখার উপ-সচিব মাঠ পর্যায়ের অফিসসমূহের অডিট কার্যক্রম তদারকি করবেন। তিনি প্রয়োজনে সরেজমিনে পরিদর্শন এবং ত্রি-পক্ষীয় সভায় যোগদান করবেন;	এ বিভাগের সংশ্লিষ্ট উইং/শাখা/ অধিশাখা।
৩.১	বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের মার্চ/২০১৮ মাসের মোট অনিষ্পন্ন অডিট আপত্তির সংখ্যা ২২৯২টি। আপত্তিকৃত অর্থের পরিমাণ ৫০৪২৮০৮.০৫ লক্ষ টাকা। বিবেচ্য মাসে অডিট আপত্তি উত্থাপিত হয়েছে ৭৩টি। বিবেচ্য মাসে কোন দ্বি-পক্ষীয় সভা হয়নি, কিন্তু ত্রি-পক্ষীয় ০১টি সভা অনুষ্ঠিত হয়েছে। বিবেচ্য মাসে নিষ্পত্তি হয়েছে ২২টি। অনিষ্পন্ন আপত্তির মোট টাকার পরিমাণ ৫২২৬১৪৬.৬৭।	(ঘ) দপ্তর/সংস্থা/কোম্পানিসমূহ তাদের স্ব স্ব অডিট আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করবে;	এ বিভাগ ও এর অধীন সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি।
		(ঙ) অডিট রিপোর্ট কোম্পানির বোর্ড সভার আলোচনায় উপস্থাপন করা যায় কিনা সে বিষয়ে গত সভায় গঠিত কমিটি মাতামত প্রদান করবে;	গঠিত কমিটি
৩.১	এছাড়া, জাতীয় সংসদের পিএ কমিটি কর্তৃক সুপারিশকৃত অডিট আপত্তি অবলোপনের বিষয়ে অর্থ বিভাগে তাগিদপত্র দেয়ার নির্দেশনা প্রদান করা হয়।	(চ) জাতীয় সংসদের পিএ কমিটি কর্তৃক নিষ্পত্তির জন্য সুপারিশকৃত অডিট আপত্তি অবলোপনের বিষয়ে অর্থ বিভাগকে তাগিদপত্র প্রদান করতে হবে;	এ বিভাগের সংশ্লিষ্ট উইং/শাখা/ অধিশাখা।
৩.১	শ্রমিক আইন অনুযায়ী শ্রমিক অংশীদারিত্ব তহবিলে জমাকৃত অর্থের গত পাঁচ বছরের হিসাবের পেট্রোবাংলা ও বিপিসি'র আওতাধীন কোম্পানিসমূহের প্রতিবেদন সভায় উপস্থাপন করা হয়। উক্ত তথ্য পর্যালোচনাপূর্বক কোন ব্যত্যয় হয়েছে কিনা-সে বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণেরও পরামর্শ দেয়া হয়।	(ছ) পেট্রোবাংলা ও বিপিসি কর্তৃক প্রেরিত শ্রমিক অংশীদারিত্ব তহবিল শ্রমিক আইন অনুযায়ী শ্রমিক অংশীদারিত্ব তহবিলে জমাকৃত অর্থের গত পাঁচ বছরের প্রতিবেদন পর্যালোচনাপূর্বক উক্ত বিষয়ে কোনো ব্যত্যয় ঘটে থাকলে তা সমন্বয় করার ব্যবস্থা করতে হবে।	এ বিভাগের অধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/ কোম্পানি।

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৪.১	**বিভাগীয় মামলা নিষ্পত্তি:** পেট্রোবাংলা ও অধীনস্থ এর কোম্পানিসমূহের বিভাগীয় মামলার বিগত মাসের জের ৩১টি এবং চলতি মাসে মামলা দায়ের করা হয়েছে ০২টি। মোট মামলা সংখ্যা ১৮টি। চলতি মাসে ০১টি মামলা নিষ্পত্তি হয়েছে। ০৩ মাসের কম সময়ের অনিষ্পন্ন মামলা ০৪টি। ০৩ মাসের বেশি কিন্তু ০৬ মাসের কম সময়ে মামলা অনিষ্পন্ন ০৭টি। ০৬ মাসের বেশি কিন্তু ১২ মাসের কম সময়ে মামলা অনিষ্পন্ন ০২টি। ১২ মাসের বেশি সময়ে মামলা অনিষ্পন্ন ১৯টি। সাময়িক বরখাস্ত ০৩টি এবং মাস শেষে মোট মামলা অনিষ্পন্ন ৩২টি। এ বিভাগ, বিপিসি'র কোম্পানিসমূহ, জিএসবি, বিএমডি, বিপিআই, বিস্ফোরক পরিদপ্তর এবং হাইড্রোকার্বন ইউনিট এ অনিষ্পন্ন বিভাগীয় মামলার বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়।	(ক) সকল দপ্তর/অধিদপ্তর/সংস্থা এবং জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের শাখা/অধিশাখা নিয়মিতভাবে নির্ধারিত ছকে বিভাগীয় মামলার বিস্তারিত তথ্য প্রেরণ করবে; এবং (খ) শৃংখলা ও আপীল বিধিমালা, ১৯৮৫/ কোম্পানির জন্য প্রযোজ্য চাকুরী বিধিমালা, যার জন্য যা প্রযোজ্য সে মোতাবেক বিভাগীয় মামলাসমূহ দ্রুত নিষ্পত্তি করতে হবে।	এ বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি।
৫.১	**আদালতে বিচারাধীন মামলা:** পেট্রোবাংলা ও এর অধীনস্থ কোম্পানিসমূহের মার্চ/২০১৮ মাসে বিচারাধীন মামলার সংখ্যা মোট ২০০৪টি। বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের মার্চ/২০১৮ মাসে বিচারাধীন প্রশাসনিক মামলার সংখ্যা মোট ১৫৭টি এবং বিচারাধীন গ্রাহক সংশ্লিষ্ট মামলার সংখ্যা মোট ৫৬টি।	(ক) মহামান্য হাইকোর্টে চলমান মামলাসমূহের বিষয়ে নিয়মিত এবং যথাসময়ে তদারকি করতে হবে, গুরুত্বপূর্ণ মামলার ক্ষেত্রে বিজ্ঞ অ্যাটর্নি জেনারেলের সাথে যোগাযোগ করতে হবে। এছাড়াও, নিম্ন আদালতে বিচারাধীন মামলাসমূহ দ্রুত নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;	এ বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি।
৫.১	পেট্রোবাংলা/বিপিসি ও এর অধীনস্থ কোম্পানিসমূহের আদালতে বিচারাধীন সকল মামলাসহ গুরুত্বপূর্ণ মামলার বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। বিচারাধীন মামলাসমূহের রায় যাতে সরকারের তথা সংস্থা/কোম্পানির বিপক্ষে না যায় সে লক্ষ্যে বিজ্ঞ আইনজীবী নিয়োগ, বিজ্ঞ আদালতের চাহিদা অনুযায়ী সময়মত জবাব/প্রয়োজনীয় কাগজপত্র সরবরাহ করার পরামর্শ প্রদান করা হয়।	(খ) দপ্তর/সংস্থা/কোম্পানির অভ্যন্তরীণ সমন্বয় সভায় অনিষ্পন্ন মামলার বিষয়ে আলোচনা করে মামলা দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে; (গ) শ্রম আদালতে বিচারাধীন মামলায় সঠিকভাবে প্রতিদ্বন্দ্বিতা করতে হবে এবং প্রয়োজনে মামলা নিষ্পত্তির বিষয়ে বিশেষজ্ঞ আইনজীবী নিয়োগ, বিজ্ঞ আদালতের চাহিদা অনুযায়ী সময়মত জবাব/প্রয়োজনীয় কাগজপত্র সরবরাহ করতে হবে; (ঘ) মহামান্য হাইকোর্টে চলমান মামলাসমূহ নিষ্পত্তির বিষয়ে গঠিত কমিটি কর্তৃক প্রতিবেদন দাখিলের পর সুপারিশ অনুযায়ী দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; (ঙ) মহামান্য হাইকোর্টে চলমান মামলাসমূহের বিষয়ে নিয়োগপ্রাপ্ত কর্মকর্তা এবং গঠিত কমিটির সদস্যগণ কর্তৃক নিয়মিত তদারকি করতে হবে; (চ) জিএসবি, বিএমডি ও বিস্ফোরক পরিদপ্তরের বিচারাধীন মামলা সংশ্লিষ্ট তথ্য নির্ধারিত ছক মোতাবেক এ বিভাগে প্রেরণ করতে হবে।	এ বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি।
৬.১	**অনিষ্পন্ন অবসর ভাতা:** পেট্রোবাংলা ও এর অধীনস্থ কোম্পানিসমূহের অনিষ্পিন্ন অবসরভাতা নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয়। বিগত মাসের জের ০৬টিসহ মোট অবসরভাতা সংখ্যা ০৬টি। চলতি মাসে অবসরভাতা নিষ্পত্তি হয়নি। ০৩ মাসের বেশি সময়ে পেন্ডিং ০৩টি। ১২ মাসের বেশি সময়ে পেন্ডিং ০২টি। দুদক কর্তৃক দায়েরকৃত মামলার সংখ্যা ০১টি। মাস শেষে অবসরভাতা পেন্ডিং রয়েছে সর্বমোট ০৬টি।	(ক) দপ্তর/সংস্থা/কোম্পানির অনিষ্পন্ন অবসর ভাতা সংক্রান্ত তথ্য প্রতিমাসে নির্ধারিত ছক অনুসারে প্রেরণ নিশ্চিত করতে হবে; (খ) অবসর ভাতা সহজিকরণ নীতিমালা অনুযায়ী অনিষ্পন্ন অবসর ভাতার আবেদন (যদি থাকে) অতি দ্রুততার সাথে নিষ্পত্তি করতে হবে;এবং	এ বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি।
৭.১	**ভূ-সম্পত্তি হতে অবৈধ দখল উচ্ছেদ ও নামজারী সম্পাদন:** চট্টগ্রামস্থ ফিরোজশাহ হাউজিং এস্টেটে অবস্থিত বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) এর জমিতে অফিস ভবন নির্মাণের লক্ষ্যে পেট্রোবাংলা এবং জিএসবি'র মধ্যে সমঝোতা স্মারক স্বাক্ষরের বিষয়ে সভায় আলোচনা হয়। আলোচনাকালে সভাপতি পেট্রোবাংলা এবং জিএসবি'র মধ্যকার MoU স্বাক্ষরের বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পেট্রোবাংলার প্রতিনিধিকে নির্দেশনা প্রদান করেন।	(ক) চট্টগ্রামস্থ ফিরোজশাহ হাউজিং এস্টেটে অবস্থিত জিএসবি'র জমিতে ভবন নির্মাণের বিষয়ে পেট্রোবাংলা এবং জিএসবি'র মধ্যে MoU স্বাক্ষরের লক্ষ্যে পেট্রোবাংলা কর্তৃক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;	

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
৭.১	জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ এবং এর সংস্থাসমূহের ভূ-সম্পত্তি অবৈধ দখলে থাকলে তা উচ্ছেদ এবং জমির মালিকানা সঠিক রাখার জন্য যথাসময়ে নামজারী সম্পাদন করা প্রয়োজন। এছাড়া, দপ্তর/সংস্থার সম্পত্তির বিরোধ নিষ্পত্তির জন্য পরামর্শ প্রদান করা হয়।	(খ) সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের জমি থেকে অবৈধ দখলদার উচ্ছেদ করতে হবে এবং জমির বিষয়ে কোন মামলা থাকলেও নিয়মিত ভূমি উন্নয়ন কর পরিশোধ করতে হবে; (গ) ভূ-সম্পত্তি উদ্ধারের বিষয়ে তফসিলভুক্ত মোট সম্পত্তির পরিমাণ, দখলকৃত সম্পত্তির পরিমাণ এবং বেদখলকৃত সম্পত্তির পরিমাণ উল্লেখপূর্বক প্রতিমাসে অগ্রগতি প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করতে হবে; (ঘ) ভূ-সম্পত্তি উদ্ধারের বিষয়ে মহামান্য হাইকোর্ট বিভাগে কতটি রিট মামলা চলমান আছে তার তথ্যাদি প্রতি সভায় উপস্থাপন করতে হবে; এবং (ঙ) প্রত্যেক দপ্তর/সংস্থার সম্পত্তির বিরোধ দ্রুত নিষ্পত্তি করতে হবে।	**এ বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি।**
৮.১	**বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA):** সভায় এ বিভাগের ২০১৭-২০১৮ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি সম্পাদনের বিষয়ে জানানো হয় যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির ৪৩টি কর্মসূচির মধ্যে বেশির ভাগই লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জিত হয়েছে, এর মধ্যে ০২ (দুই) টি কর্মসূচি লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জিত হয়নি। উক্ত ০২ (দুই) টি কর্মসূচি লক্ষ্যমাত্রার নির্ধারিত সময়ের পূর্বেই শতভাগ অর্জন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য সভায় নির্দেশনা প্রদান করা হয়। এছাড়া, **মাসিক/ত্রৈমাসিক/বার্ষিক** অর্জন প্রতিবেদন যথাসময়ে এ বিভাগে প্রেরণের বিষয়ে সংশ্লিষ্ট সংস্থাসমূহকে অনুরোধ করা হয়।	(ক) এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/ কোম্পানিসমূহ ২০১৭-২০১৮ অর্থ-বছরের বার্ষিক **কর্মসম্পাদন চুক্তিপত্রের** লক্ষ্যমাত্রা অনুযায়ী **মাসিক/ ত্রৈমাসিক/বার্ষিক** কর্মসম্পাদন মূল্যায়ন প্রতিবেদন **প্রমাণকসহ** নির্ধারিত ছকে প্রতি মাসের ০৪ (চার) তারিখের মধ্যে এ বিভাগে প্রেরণ করতে হবে; (খ) যে সকল দপ্তর/সংস্থার সংশ্লিষ্ট সূচকের নির্ধারিত লক্ষ্যমাত্রা আনুপাতিক হারে অর্জিত হয়নি, সে সকল সূচকের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের পূর্বেই শতভাগ অর্জন করার প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে;	**এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি।**
৮.১	এছাড়া, এ বিভাগ এবং এর আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির ২০১৮-২০১৯ অর্থ-বছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির খসড়া নির্ধারিত সময়ের মধ্যে প্রণয়নপূর্বক চূড়ান্ত চুক্তিপত্র স্বাক্ষরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের নির্দেশনা প্রদান করা হয়।	(গ) এ বিভাগের ২০১৮-২০১৯ অর্থ-বছরের বার্ষিক **কর্মসম্পাদন চুক্তির** খসড়া প্রস্তুতপূর্বক নির্ধারিত সময়ের মধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করতে হবে।	**এ বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা।**
৯.১	**ওয়েব সাইট হালনাগাদকরণ, ই-ফাইলিং চালুকরণ, প্রকল্প পরিদর্শন ও শাখা পরিদর্শন:** এ বিভাগ এবং আওতাধীন দপ্তর/সংস্থায় শতভাগ ই-টেন্ডারিং পদ্ধতি ও ই-ফাইলিং কার্যক্রম চালু করা, নিয়মিত ওয়েব সাইট হালনাগাদ করা এবং এ বিভাগের কর্মকর্তাগণ কর্তৃক প্রতিমাসে নির্ধারিত প্রকল্পসমূহ পরিদর্শন এবং শাখা পরিদর্শন বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	(ক) এ বিভাগের প্রতিটি শাখা/অধিশাখা হতে প্রতিমাসে ই-ফাইলিং এর মাধ্যমে কমপক্ষে ২০ (বিশ) টি করে নথি নিষ্পত্তির বিষয়টি নিয়মিত তদারকি করতে হবে। এ বিভাগ সম্পর্কিত সকল কর্মকান্ডের প্রতিবেদন ওয়েব সাইটে থাকতে হবে এবং নিয়মিত ওয়েব সাইট হালনাগাদ করতে হবে; (খ) এ বিভাগের কর্মকর্তাগণ কর্তৃক প্রতিমাসে নির্ধারিত প্রকল্পসমূহ পরিদর্শনপূর্বক প্রতিবেদন দাখিল করতে হবে; এবং (গ) কর্মকর্তাগণ কর্তৃক সচিবালয় নির্দেশিকা অনুযায়ী শাখা পরিদর্শন অব্যাহত রাখতে হবে।	**এ বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা ও আইসিটি কর্মকর্তা।**
		(ঘ) ই-নথি সিস্টেমে পত্র জারি বৃদ্ধি করা, নিয়মিত প্রশিক্ষণ/অভ্যন্তরিণ প্রশিক্ষণে ই-নথি অন্তর্ভুক্ত করা, মাসিক সভায় ই-নথি বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা করা এবং বিভিন্ন ই-সার্ভিস/ ই-নথি সিস্টেমের সঙ্গে সমন্বিত করতে হবে;	**এ বিভাগের সংশ্লিষ্ট শাখা/অধিশাখা এবং সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি।**
		(ঙ) এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/ কোম্পানির সংগ্রহ কাজে ই-টেন্ডারিং পদ্ধতি চালু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	**এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি।**

ক্র. নং	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১০.১	বিবিধ: সভায় বিজিএফসিএল ও এসজিএফএল এ উৎপাদিত কনডেনসেট, বিভিন্ন এলাকার অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ এবং লুব ওয়েল বাজারজাতকরণের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এবং যমুনা অয়েল কোম্পানি লিমিটেড তাদের ডিলারগণের মাধ্যমে বাজারজাতকৃত তেলের গুণগতমান এবং পরিমাণ নিশ্চিতকরণের বিষয়েও আলোচনা হয়।	(ক) পদ্মা অয়েল কোম্পানি লিমিটেড, মেঘনা পেট্রোলিয়াম লিমিটেড এবং যমুনা অয়েল কোম্পানি লিমিটেড তাদের ডিলারগণের মাধ্যমে বাজারজাতকৃত তেলের গুণগতমান এবং পরিমাণ নিশ্চিত করবে;	এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি।
		(খ) বেসরকারি প্রতিষ্ঠানে সরবরাহকৃত কনডেনসেট যথাযথভাবে পরিশোধন করে বাজারজাত করা হচ্ছে কিনা সে বিষয় বিপিসি কঠোর নজরদারী ও তদারকি করবে;	এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি।
		(গ) দেশের ভেজাল তেলের বিস্তার ও অবৈধ ক্রয় বিক্রয় এবং ওজনে কারচুপি বন্ধে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণপূর্বক নিয়মিত মনিটরিং করতে হবে;	এ বিভাগের অধীন সকল দপ্তর/সংস্থা/ কোম্পানি।
১০.১	অবৈধ গ্যাস লাইন সংযোগ বিচ্ছিন্নকরণ অভিযান পরিচালনা এবং অবৈধ গ্যাস লাইন সংযোগের সাথে সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়।	(ঘ) অবৈধ গ্যাস সংযোগ বিচ্ছিন্নকরণ অভিযান পরিচালনা করতে হবে এবং অবৈধ গ্যাস সংযোগের সাথে সংশ্লিষ্ট ব্যক্তি ও প্রতিষ্ঠানের বিরুদ্ধে মামলা দায়ের করতে হবে;	পেট্রোবাংলা ও সংশ্লিষ্ট কোম্পানি
		(চ) অবৈধ গ্যাস লাইন সংযোগ বিচ্ছিন্নের বিষয়ে রেডিও, টেলিভিশন, প্রিন্ট মিডিয়া, স্থানীয় টেলিভিশন চ্যানেল-এ ব্যাপক প্রচারণা চালাতে হবে;	পেট্রোবাংলা ও সংশ্লিষ্ট কোম্পানি

১১.০ সভায় আর কোনো আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৭/৫/১৮

(নাজিমউদ্দিন চৌধুরী)
সচিব
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ।